

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

শারক নং পিএস/১৭/৮০১৮

তারিখ: ২৭ আগস্ট ১৪২৬  
১১ জুলাই ২০১৯

### জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং বিষয় সংশ্লিষ্ট শিক্ষকগণের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরীক্ষায় বিতর্কিত বিষয়গুলোকে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে উদ্বীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকর্ত্ত্বে শিক্ষা মন্ত্রণালয়ের নিম্নলিখিত নির্দেশনাসহ একটি পরিপত্র রয়েছে (শারক নং শিয়/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮; তারিখ ২২ নভেম্বর ২০০৯)।

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্বীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতৃত্বাচকভাবে উপস্থাপন করে কোন উদ্বীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্বীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্বীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্বীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (চ) ধর্ম, জীর্ণস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্বীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি কিংবা বিতর্কিত ব্যক্তি ও তার কার্যকলাপ উদ্বীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (জ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অথবাযোগ্য বিষয়সমূহ (যেমন: বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও বিষয়ভিত্তিক শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ও বিষয়ভিত্তিক শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে।

সংশ্লিষ্ট বিষয় শিক্ষকগণ যেন উপর্যুক্ত নির্দেশনাসহ শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন করেন সে বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা যাচ্ছে।

তিথি: ১১. ০৭.১৯  
(পফেসর মুঃ জিয়উল হক)

চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ও  
সভাপতি  
বাংলাদেশ আন্তর্শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি  
ফোন: ৯৬১৫২৩৫

#### বিতরণ:

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদলের, শিক্ষা ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৫. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনডেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), ঢাকা।
৬. জেলা প্রশাসক (সকল)
৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)। [অঞ্চলের সকল কলেজ অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]
৮. জেলা শিক্ষা অফিসার (সকল) [জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেন্ডেন্টকে অবহিত করার অনুরোধসহ]